**প্রেস রিলিজ**
তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২৬

# বাউবি'তে এসএসসি ও এইচএসসি (নিশ-৩) প্রোগ্রামের সিলেবাস ও রেগুলেশন প্রণয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর ওপেন স্কুল পরিচালিত এসএসসি (নিশ-৩) ও এইচএসসি (নিশ-৩) প্রোগ্রামের সিলেবাস ও রেগুলেশন প্রণয়নবিষয়ক দুই দিনব্যাপী কর্মশালা আজ মঙ্গলবার (১ সেপ্টেম্বর ২০২৬) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শুরু হয়েছে। ওপেন স্কুলের আয়োজনে ১ ও ২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে এ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে।

প্রধান অতিথি হিসেবে কর্মশালার উদ্বোধন করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, "দেশের বৃহৎ জনগোষ্ঠীকে মূলধারার শিক্ষার সঙ্গে সম্পৃক্ত করতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন ধরে কাজ করছে। শিক্ষা থেকে বঞ্চিত ও প্রচলিত শিক্ষাব্যবস্থার বাইরে থাকা জনগোষ্ঠীর জন্য দ্বিতীয়বার শিক্ষার সুযোগ সৃষ্টি করাই বিশ্ববিদ্যালয়ের অন্যতম লক্ষ্য। কওমি ধারার শিক্ষার্থীদের ধর্মীয় শিক্ষার পাশাপাশি আধুনিক ও কর্মমুখী শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে এসএসসি নিশ-৩ ও এইচএসসি নিশ-৩ প্রোগ্রাম চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে তারা ধর্মীয় শিক্ষার স্বকীয়তা বজায় রেখেই জাতীয় ও মূলধারার শিক্ষার সঙ্গে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাবেন"।

উপাচার্য আরও বলেন, 'নিশ-৩ প্রোগ্রামের সিলেবাস ও রেগুলেশন এখনো চূড়ান্ত নয়। কর্মশালায় শিক্ষাবিদ, বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট অংশীজনদের সুচিন্তিত মতামতের ভিত্তিতে তা আরও সমৃদ্ধ ও যুগোপযোগী করা হবে। তিনি আশা প্রকাশ করেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় ২০২৭ শিক্ষাবর্ষ থেকে এ প্রোগ্রাম বাস্তবায়ন সম্ভব হবে। এ উদ্যোগ সফল হলে বাউবির শিক্ষা সম্প্রসারণের ক্ষেত্রে একটি নতুন অধ্যায় যুক্ত হবে। বয়স, লিঙ্গ, পেশা ও সামাজিক অবস্থান নির্বিশেষে সকলের জন্য শিক্ষার সুযোগ উন্মুক্ত রেখে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দেশের মানবসম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে'।

ওপেন স্কুলের ডিনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম, মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম এবং ঢাকা মোহাম্মদপুরের জামিয়া রহমানিয়া মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা মাহফুজুল হক।

উদ্বোধনী পর্বে পবিত্র আল-কোরআন থেকে তেলাওয়াতের পর স্বাগত বক্তব্য দেন ওপেন স্কুলের অধ্যাপক ড. মুহাম্মদ আবদুর রাহীম। অনুষ্ঠানের সিলেবাসের সার-সংক্ষেপ উপস্থাপন করেন ওপেন স্কুলের অধ্যাপক ড. মোঃ চেঙ্গীশ খান।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) আইনের চেতনাকে ধারণ করে দারিদ্র্যমুক্ত, যুগোপযোগী ও দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। এ লক্ষ্য বাস্তবায়নে বাউবির প্রধান উদ্দেশ্যগুলো হলো—

১.শিক্ষার্থীদের মননশীলতা, ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ, সৌন্দর্যবোধ, মানবিক সহমর্মিতা এবং দেশপ্রেম জাগ্রত করা।

২. বিজ্ঞান ও প্রযুক্তি, আর্থ-সামাজিক জ্ঞান এবং পেশাগত দক্ষতা উন্নয়নের মাধ্যমে শিক্ষার্থীদের দক্ষ ও যোগ্য মানবসম্পদ হিসেবে গড়ে তোলা।

৩. দারিদ্র্য বিমোচন, আত্মকর্মসংস্থান ও উপার্জনমুখী কর্মকাণ্ডে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার লক্ষ্যে তাদের সক্ষমতা বৃদ্ধি করা।

৪. পরিবর্তনশীল সময় ও সমাজের সঙ্গে সামঞ্জস্য রেখে শিক্ষার্থীদের দায়িত্বশীল ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা।

৫.উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষার পথ আরও সুগম ও সুপ্রশস্ত করা। অনুষ্ঠানে সভাপতির সমাপনী বক্তব্য প্রদান করেন ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. মোছাঃ শিরিন সুলতানা। সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন বাউবি'র রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব টি এম আহমেদ হুসেইন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)


Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd